গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
সুনামগঞ্জ
www.food.sunamganj.gov.bd / www.dgfood.gov.bd

## দরপত্র বিজ্ঞপ্তি (বিস্তারিত)

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, সিলেট এর ১৩/০৭/২০খ্রিঃ তারিখের ২৩০৫নং স্মারক মোতাবেক পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ অনুযায়ী জেলা খাদ্য নিয়ন্ত্রক, সুনামগঞ্জ এর অধীন মল্লিকপুর, দোয়ারাবাজার, ছাতক, জগন্নাথপুর, রানীগঞ্জ, দিরাই, ঘুংগিয়ারগাঁও, ধর্মপাশা, মধ্যনগর, সাচনা, তাহিরপুর, বিশ্বম্ভরপুর খাদ্য গুদামের ২০২০-২০২১ অর্থ বছরের অবশিষ্ঠ সময় এবং ২০২১-২০২২ অর্থ বছর মেয়াদে শ্রম হস্তার্পন কার্য সম্পাদনের নিমিত্বে প্রতিটি খাদ্য গুদামের জন্য ১(এক) জন করে শ্রম ও হস্তার্পন (হ্যান্ডলিং) ঠিকাদার নিয়োগের নিমিত্ত আগ্রহী প্রতিষ্ঠান/ঠিকাদারগণের নিকট হতে দরপত্র আহবান করা যাচ্ছে।

প্রতি সেট দরপত্র দলিলের মূল্য, বাজেট এবং আয়ের উৎস, কাজের বিবরণ, দরপত্র দলিল বিক্রয়/প্রাপ্তির স্থান/দরপত্র গ্রহনের স্থান, দরপত্র দলিল বিক্রয়ের শেষ তারিখ, দরপত্র গ্রহনের তারিখ ও সময়, দরপত্র বাক্স খোলার তারিখ, সময় ও স্থান, দরপত্রের মেয়াদ ও দরপত্র সম্পাদন তথ্য/ বিস্তারিত দরপত্র বিজ্ঞপ্তি জানা ইত্যাদি নিম্নের ছকে উল্লেখ করা হলো।

| | | |
|---|---|---|
| ১। | মন্ত্রনালয়/ বিভাগ | খাদ্য মন্ত্রনালয় |
| ২। | সংগ্রাহক সত্ত্বা | জেলা খাদ্য নিয়ন্ত্রক, সুনামগঞ্জ |
| ৩। | দরপত্র আহবানকারীর দপ্তর | জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, সুনামগঞ্জ |
| ৪। | যে কাজের জন্য দরপত্র/ কাজের নাম | জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, সুনামগঞ্জ এর অধীন মল্লিকপুর, দোয়ারাবাজার, ছাতক, জগন্নাথপুর, রানীগঞ্জ, দিরাই, ঘুংগিয়ারগাঁও, ধর্মপাশা, মধ্যনগর, সাচনা, তাহিরপুর, বিশ্বম্ভরপুর খাদ্য গুদামের শ্রম হস্তার্পন কাজ। |
| ৫। | দরপত্রের বিজ্ঞপ্তি নং ও তারিখ | ১৩.০১.৩৬০০.০০৩.৪৯.০০১.১৯.২৩২৪, ও তারিখঃ ০৩/০৮/২০২০খ্রিঃ |
| ৬। | সংগ্রহ পদ্ধতি | উন্মুক্ত দরপত্র পদ্ধতি (জাতীয়) |
| ৭। | বাজেট ও তহবিল সূত্র | রাজস্ব বাজেট বাংলাদেশ সরকার (জিওবি) |
| ৮। | দরপত্র প্যাকেজের নাম | সুনামগঞ্জ জেলার ১২টি খাদ্য গুদামের ২০২০-২০২১ অর্থ বছরের অবশিষ্ঠ সময় এবং ২০২১-২০২২ অর্থ বছরের শ্রম ও হস্তার্পন কাজ। |
| ৯। | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ | ২০/০৮/২০২০খ্রিঃ (অফিস চলাকালীন সময়ে) |
| ১০। | দরপত্র গ্রহনের তারিখ, সময় ও স্থান | ২৩/০৮/২০২০খ্রিঃ তারিখ বিকাল ০২.০০ ঘটিকা পর্যন্ত, জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ ও জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, সুনামগঞ্জ। |
| ১১। | দরপত্র সিডিউলের মূল্য | প্রতিসেট দরপত্রের মূল্য প্রতিটি খাদ্য গুদামের জন্য আলাদা আলাদা ১,০০০/- (এক হাজার) টাকা। ট্রেজারী চালানের মাধ্যমে বাংলাদেশ ব্যাংক / সোনালী ব্যাংক এ ১/৪৮৩১/০০০১/২৩৬৬ কোড এ মূল্য জমা দিয়ে চালানের মূল কপি জমা দিয়ে দরপত্র সিডিউল ক্রয় করতে হবে। |
| ১২। | দরপত্র জামানত | প্রতি গুদামের জন্য দরদাতা কর্তৃক প্রদত্ত দর অনুযায়ী সর্বমোট মূল্যের ৩% হারে হিসাবকৃত পূর্ণ টাকার পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট (ফেরতযোগ্য) দরপত্রের সাথে জমা দিতে হবে। |
| ১৩। | কার্যসম্পাদন জামানত | প্রতি গুদামের জন্য দরদাতা কর্তৃক প্রদত্ত দর অনুযায়ী সর্বমোট মূল্যের ৫% হারে হিসাবকৃত টাকার পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট চুক্তির প্রাক্কালে দিতে হবে। তবে পরবর্তীতে উক্ত হার পরিবর্তন হলে বা জামানত যেভাবে নির্ধারিত হবে সে অনুযায়ী জামানত প্রদান/ সমন্বয় করতে হবে। |
| ১৪। | দরপত্র বাক্স ও দরপত্র খোলার তারিখ, সময় ও স্থান | ক) ২৩/০৮/২০২০খ্রিঃ তারিখ বিকাল ৩.০০ ঘটিকার সময় দরপত্র বাক্স খোলা হবে এবং সকল যোগ্যতা বিষয়ক প্রস্তাব বিকাল ৩.৩০ ঘটিকায় জেলা খাদ্য নিয়ন্ত্রক, সুনামগঞ্জ দপ্তরে খোলা হবে।<br>খ) যোগ্যতা বিষয়ক প্রস্তাবের ভিত্তিতে কেবল মাত্র গ্রহনযোগ্য ঠিকাদারদের আর্থিক প্রস্তাব খোলা হবে। গ্রহনযোগ্য ঠিকাদারের তালিকা, খোলার তারিখ, সময় ও স্থান সম্পর্কিত তথ্য জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, সুনামগঞ্জ দপ্তরের নোটিশ বোর্ডে ঝুলানো হবে। |
| ১৫। | দরপত্র সম্পর্কীয় তথ্য | ক) নোটিশ বোর্ড / হিসাব শাখা, জেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, সুনামগঞ্জ |
| ১৬। | দরপত্র আহবানকারী কর্মকর্তার নাম | মোঃ জাকারিয়া মুস্তফা |
| ১৭। | দরপত্র আহবানকারী কর্মকর্তার পদবী | জেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ১৮। | দরপত্র বিক্রয়কারী দপ্তরের নাম | জেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, সুনামগঞ্জ |
| ১৯। | দরপত্রের মেয়াদ | দরপত্র খোলার তারিখ হতে ১২০ দিন দরপত্রের মেয়াদ বলবৎ থাকবে। |
| ২০। | ঠিকাদারী কাজের সময় | চুক্তি সম্পাদনের তারিখ হতে ৩০শে জুন/২০২২ পর্যন্ত |
| ২১। | দরপত্র দাখিলের নিয়মাবলী | ২ (দুই) খাম পদ্ধতিতে দরপত্র দাখিল করতে হবে। |
| ২২। | ঠিকাদারের যোগ্যতা | ক) শ্রম হস্তার্পন ঠিকাদারী কাজে কমপক্ষে ২ (দুই) বছরের খাদ্য বিভাগীয় অথবা সমপ্রকৃতির ঠিকাদারী কাজে অভিজ্ঞতা থাকতে হবে।<br>খ) যে কোন সিডিউল ব্যাংকে বার্ষিক নগদ ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার লেনদেন সর্ম্পকিত বিষয়ে ব্যাংক কর্তৃক দেয় হাল সনের আর্থিক সচ্ছলতার সনদ দাখিল করতে হবে।<br>এবং সিডিউলে সংযুক্ত ঠিকাদারের যোগ্যতা মোতাবেক। |
| ২৩। | দরপত্র গ্রহণকারী কর্মকর্তা এবং টেলিফোন নম্বর | জেলা খাদ্য নিয়ন্ত্রক, সুনামগঞ্জ, ফোন- ০৮৭১-৬১৫৯০ |

আবেদনকারীকে সদ্য তোলা পাসপোর্ট আকারের ২ কপি সত্যায়িত ছবিসহ নিজ প্যাডে আবেদনকারীর নাম, পিতার নাম, মাতার নাম, জাতীয়তা, প্রতিষ্ঠানের নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, প্রতিষ্ঠানের মালিকানার বিবরণ, প্রতিষ্ঠানের সহিত আবেদনকারীর সম্পর্ক ইত্যাদি বর্ণনা পূর্বক দরপত্র দলিল (যোগ্যতা বিষয়ক প্রস্তাব ফরম ও আর্থিক প্রস্তাব ফরম) যথাযথভাবে পূরণ করে নিম্নে বর্ণিত ডকুমেন্ট সংযুক্ত করে যোগ্যতা বিষয়ক প্রস্তাব ও আর্থিক প্রস্তাব পৃথক পৃথক খামে ও একত্রিতভাবে ১ (এক) টি খামে জেলা খাদ্য নিয়ন্ত্রক, সুনামগঞ্জ এর বরাবরে আবেদন দাখিল করতে হবে। উল্লেখ্য যোগ্যতা বিষয়ক প্রস্তাব ফরমে ০২ (দুই) কপি এবং আর্থিক প্রস্তাব ফরমে ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি দাখিল করতে হবে।

ঠিকাদারের যোগ্যতা বিষয়ক নিয়মাবলী ও শর্তাবলী (General Conditions Contract)

১) নিজ নামের/ প্রতিষ্ঠানের হালসনের ট্রেড লাইসেন্স এবং নাগরিকত্ব সনদ।

২) শ্রম ও হস্তার্পন (হ্যান্ডলিং) কাজে নুন্যতম ২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা।

৩) (ক) সংশ্লিষ্ট আয়কর বিভাগ হইতে টিআইএন (TIN) নম্বর সহ হাল সনের আয়কর পরিশোধ (২০১৯-২০২০ অর্থ বছর) সংক্রান্ত প্রত্যয়ন পত্রের সত্যায়িত ফটোকপি। কোন ঠিকাদার উৎসে আয়কর কর্তন হইতে অব্যাহতি লাভ করিলে জাতীয় রাজস্ব বোর্ডের উপযুক্ত কর্তৃপক্ষ হইতে অব্যাহতি সনদ দাখিল করিতে হবে।
(খ) মূল্য সংযোজন কর নিবন্ধন পত্রের সত্যায়িত ফটোকপি।

৪) একক মালিকানার বেলায় কোন প্রথম শ্রেণীর ম্যাজিষ্ট্রেট/ নোটারী পাবলিক এর নিকট হতে ৩০০/-(তিনশত) টাকার নন জুডিসিয়াল ষ্ট্যাম্পে প্রদত্ত একক মালিকানা সংশ্লিষ্ট হলফনামা (এফিডেভিট) এর সত্যায়িত কপি।

৫) অংশীদারী মালিকানার ক্ষেত্রে অংশীদারিত্বের স্বপক্ষে রেজিষ্ট্রিকৃত দলিলের সত্যায়িত ফটোকপি।

৬) লিমিটেড কোম্পানীর বেলায় মেমোরেন্ডাম অব আর্টিকেলস এবং জয়েন্ট স্টক কোম্পানীর সনদ পত্রের সত্যায়িত ফটোকপি।

৭) ঠিকাদার গ্রুপ যৌথ উদ্যোগ বা সমবায়ের ক্ষেত্রে যথাযথ দলিল/ দাখিলা এর সত্যায়িত ফটোকপি।

৮) দাখিলকৃত সনদ পত্র/ কাগজ পত্র সমূহের ফটোকপি প্রথম শ্রেণীর সরকারী কর্মকর্তা দ্বারা সত্যায়িত হতে হবে এবং চুক্তি সম্পাদন কালে ফটোকপি সমূহের মূল কপি প্রদর্শন করতে হবে।

৯) খাদ্য বিভাগের অতীত দায় দেনার (যদি থাকে) হলফনামার মূল কপি।

১০) অতিরিক্ত পরিবহন ঘাটতি/ আত্মসাত ঘটনার সাথে জড়িত/ সালিশি মামলায় চুড়ান্তভাবে দোষী সাব্যস্ত হয়ে থাকলে বা কৃষ্ণ তালিকা ভুক্ত হলে এমন ঠিকাদার/ প্রতিষ্ঠান দরপত্রে অংশগ্রহন করতে পারবে না।

১১) সালিশি মামলা নিষ্পত্তির অপেক্ষায় আছে/ প্রক্রিয়াধীন আছে এমন ঠিকাদার দরপত্রে অংশগ্রহন করতে পারবে। তবে সালিশ/ মামলায় দোষী সাব্যস্ত হলে চুক্তি সম্পাদন করা হবে না/ সম্পাদিত চুক্তি বাতিল করা হবে।

১২) প্রতিসেট দরপত্র সিডিউলের মূল্য ট্রেজারী চালানের মাধ্যমে বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংক এর যেকোনে শাখায় ১/৪৮৩১/০০০১/২৩৬৬ নম্বর কোডে জমা দিতে হবে। টাকা জমা দেয়ার পূর্বে ট্রেজারী চালান অত্র দপ্তরের হিসাব শাখা হতে অবশ্যই পাশ করিয়ে নিতে হবে এবং উক্ত জমার স্বপক্ষে ট্রেজারী চালানের মূল কপি অত্র দপ্তরে জমা দিয়ে একটি ফটোকপি প্রদর্শন পূর্বক (প্রদর্শিত ফটোকপি ঠিকাদারের যোগ্যতা বিষয়ক প্রস্তাবের সাথে অবশ্যই দাখিল করতে হবে) নির্দিষ্ট সময়ের মধ্যে দরপত্র দলিল ক্রয় করতে হবে।

১৩) একজন দরদাতা একাধিক লটের জন্য দরপত্র দাখিল করতে চাইলে আলাদা আলাদা যোগ্যতা বিষয়ক প্রস্তাব দাখিল না করে যেকোন একটি লটের জন্য যোগ্যতা বিষয়ক প্রস্তাব এবং আলাদা আলাদা আর্থিক প্রস্তাব পৃথক খামে দাখিল করে একটি বড় খামে সবগুলো লটের আর্থিক প্রস্তাব সীলগালা করে দাখিল করবেন। তবে সেক্ষেত্রে অবশ্যেই দরপত্র ক্রয়ের রশিদ যোগ্যতা বিষয়ক প্রস্তাবের সাথে দাখিল করতে হবে।

১৪) বর্ণিত বিষয়ে কেউ ভুল তথ্য প্রদান করলে দরপত্র বাতিল বলে গন্য হবে। চাহিত তথ্য সঠিক না হলে এবং নিয়োগ পাবার পরেও ভুল তথ্য প্রদান সংক্রান্ত বিষয়টি কর্তৃপক্ষের গোচরীভূত হলে নিয়োগ বাতিল সহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৫) দরপত্রদাতা যোগ্যতা বিষয়ক প্রস্তাব ও আর্থিক প্রস্তাব ফরম সুন্দরভাবে কালো কালিতে পূরণ/ লিখে বা টাইপ করে নির্দিষ্ট স্থানে সীলমোহরসহ দস্তখত করবেন। যোগ্যতা বিষয়ক প্রস্তাব ও আর্থিক প্রস্তাব ফরমের সাথে সংযুক্ত সংক্ষিপ্ত ও বিস্তারিত দরপত্র বিজ্ঞপ্তি এবং চুক্তিপত্রের সকল তথ্য/ শর্ত/ ধারা ভালভাবে দেখে/ জেনে দরপত্র দাখিল করেছেন মর্মে সম্মতি হিসাবে বিজ্ঞপ্তি ও নমুনা চুক্তির প্রতি পাতায় দরদাতা কর্তৃক স্বাক্ষরসহ সীল প্রদান করতে হবে।

১৬) ডাকযোগে প্রেরিত দরপত্র/ ঘষামাজা বা অসম্পূর্ণ দরপত্র বিবেচিত হবে না অর্থাৎ নির্ধারিত দিনে নির্ধারিত সময়ের মধ্যে দরপত্র গ্রহনের বাক্সে দরপত্র ফেলতে হবে।

১৭) শর্তযুক্ত, কাটাছেড়া, ঘষামাজা বা অসম্পূর্ণ দরপত্র গৃহীত হবে না এবং যোগ্যতা বিষয়ক প্রস্তাব ফরম ও আর্থিক প্রস্তাব ফরম যথাযথভাবে পূরণ এবং চাহিত কাগজপত্র সংযুক্ত না করলে বাতিল বলে গণ্য হবে।

দরপত্র (Tender) দাখিলের নিয়মাবলী ও শর্তাবলী (Special Conditions of Contract)ঃ

১৮) ঠিকাদারের যোগ্যতাঃ

ক) শ্রম ও হস্তার্পন (হ্যান্ডলিং) কাজে নুন্যতম দুই বছরের অভিজ্ঞতা সনদ। উক্ত অভিজ্ঞতা সনদ খাদ্য বিভাগের ক্ষেত্রে পরিচালক, চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা/আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক/সাইলো সুপার/জেলা খাদ্য নিয়ন্ত্রক/চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক কর্তৃক এবং অন্যান্য সরকারি, আধা সরকারি, স্বায়ত্বশাসিত সংস্থার ক্ষেত্রে সংশ্লিষ্ট আয়ন ও ব্যয়ন কর্মকর্তা/নিয়োগকারী কর্তৃক ইস্যুকৃত হইতে হইবে।

খ) আবেদনকারীকে দরপত্রের সাথে নিজ নামে/প্রতিষ্ঠানের বার্ষিক গড় ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার বেশি লেনদেন সংক্রান্ত ব্যাংক প্রতিবেদন (Bank Statement) দাখিল করিতে হইবে।

গ) আবেদনকারীর আর্থিক স্বচ্ছলতার স্বপক্ষে যেকোন তফশীলভূক্ত ব্যাংক হতে আর্থিক স্বচ্ছলতার সনদ দাখিল করতে হবে।

ঘ) আবেদনকারীর ১(এক) লক্ষ টাকা নগদ অর্থ আছে মর্মে নিজস্ব লেটার হেড পেডে ঘোষণা দিতে হবে।

ঙ) আবেদনকারীকে লোকবলের তালিকা সংযুক্ত করতে হবে।

১৯) দরপত্র দাখিলের নিয়মাবলীঃ

(ক) দুই খাম পদ্ধতিতে খামে দাখিল করতে হবে। ঠিকাদারের আবেদনসহ যোগ্যতা বিষয়ক প্রস্তাব একটি খামে এবং আর্থিক প্রস্তাব ভিন্ন আর একটি খাম অর্থাৎ ২টি ভিন্ন খাম করে এবং যোগ্যতা বিষয়ক প্রস্তাবের খামের উপরিভাগের মধ্যখানে ''ঠিকাদারের যোগ্যতা বিষয়ক প্রস্তাব'' ও আর্থিক প্রস্তাবের খামে ''আর্থিক প্রস্তাব'' এবং উভয় খামের ডান দিকে জেলা খাদ্য নিয়ন্ত্রক, সুনামগঞ্জ এবং বাম দিকে প্রতিষ্ঠানের নাম, ঠিকানা লিখে ২টি খাম একত্র করে বড় একটি খামে দাখিল করতে হবে। উক্ত বড় খামের উপরিভাগের মধ্যখানে ''২০২০-২১ এবং ২০২১-২২ অর্থ বছরের ................................ (সংশ্লিষ্ট খাদ্য গুদামের নাম) দরপত্র দাখিলের আবেদন'' এবং ডান দিকে জেলা খাদ্য নিয়ন্ত্রক, সুনামগঞ্জ ও বাম দিকে প্রতিষ্ঠানের নাম, ঠিকানা লিখতে হবে।

(খ) আর্থিক প্রস্তাব ফরমে বর্ণিত কার্য-তফসীলের প্রতিটি আইটেমের ডান দিকে ''২০২০-২১ এবং ২০২১-২২ অর্থ বছরের প্রাক্কলিত কাজের পরিমাণ উল্লেখ করা হয়েছে (সরকারি প্রয়োজনে উক্ত পরিমান কমবেশী হতে পারে)। দরদাতাকে প্রতি আইটেম একক দর অংকে ও কথায়, মোট মূল্য (প্রাক্কলিত কাজের পরিমান × দরদাতা কর্তৃক প্রদত্ত প্রতি এককের মূল্য = মোট মূল্য) এবং সর্বমোট মূল্য (প্রতিটি আইটেমের মোট মূল্যের যোগফল) শুধুমাত্র অংকে নির্ধারিত কলামে/ স্থানে স্পষ্টভাবে লিখে দরপত্র দাখিল করতে হবে। প্রকাশ থাকে যে, দশমিকের পরে দুই অংকের বেশী ব্যবহার করা যাবে না। সর্বমোট মূল্যের ভিত্তিতে নিম্নদর মূল্যায়ন বা সাব্যস্ত করা হবে। কোন আইটেমের দর দেয়া না হলে বা অসম্পূর্ণ থাকলে বা অস্পষ্ট বা ঘষা মাঝা হলে দরপত্র বাতিল বলে গণ্য হবে।

(গ) ডিও ডেলিভারী এবং অন্য যে সকল আইটেম সরকারি কাজ সংঘটিত হয় না (সরকারি বিল পরিশোধ করা হয় না) সে সকল আইটেম ব্যতীত অন্য সকল আইটেমের (সরকারি বিল পরিশোধ করা হয়) উদ্ধৃত দর বিবেচনা করে ০৩(তিন) বছরের বাৎসরিক গড় কাজের সাথে যাচাইপূর্বক সর্বনিম্ন মোট দর নির্ধারণ করা হবে। আইটেম ভিত্তিক একক দর ও মোট দরের গড়মিল পরিলক্ষিত হলে এক দর গৃহীত হবে এবং সে অনুযায়ী মোট দর সংশোধিত হবে।

(ঘ) আর্থিক প্রস্তাবের সাথে টেন্ডার সিকিউরিটির ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/অন্য কোন ডকুমেন্ট জমা দেয়া যাবে না।

(ঙ) আর্থিক প্রস্তাব ফরম এর ০১ হতে ০৯ নং আইটেম পর্যন্ত প্রাইজ সিডিউলে আইটেম ভিত্তিক পৃথক দর দাখিল করতে হবে।

২০) টেন্ডার সিকিউরিটিঃ

(ক) দরপত্রের সাথে বাংলাদেশের যে কোন তফসীলভুক্ত (সিডিউল) ব্যাংক হতে প্রতি খাদ্য গুদামের জন্য আলাদা আলাদাভাবে দরপত্র জামানত (টেন্ডার সিকিউরিটি) বাবদ দরদাতা কর্তৃক উদ্ধৃত সর্বমোট মূল্যের ৩% (শতকরা তিন) হারে হিসাবকৃত পূর্ণ টাকার পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট (ফেরতযোগ্য) জেলা খাদ্য নিয়ন্ত্রক, সুনামগঞ্জ এর অনুকূলে জমা দিতে হবে। দরপত্র জামানতের পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট ঠিকাদারের যোগ্যতা বিষয়ক প্রস্তাব ফরমে দাখিল করতে হবে।

(খ) অকৃতকার্য দরপত্রদাতার দরপত্র জামানত (টেন্ডার সিকিউরিটি) দরপত্রের সিদ্ধান্ত গ্রহণ শেষে ফেরৎ দেয়া হবে। কৃতকার্য দরদাতার দরপত্র জামানত ঠিকাদারের সাথে চুক্তি সম্পাদনের পর ফেরৎ দেয়া হবে। যথাসময়ে চুক্তি সম্পাদন করে কার্যভার গ্রহণ না করলে দরপত্র জামানতের টাকা বাজেয়াপ্ত করা হবে। দরপত্র জামানতের টাকা ছাড়া কোন দরপত্র গ্রহণযোগ্য হবেনা।

২১) ঠিকাদার নির্বাচন ও বিল পরিশোধঃ

(ক) ঠিকাদারের যোগ্যতা বিষয়ক প্রস্তাব মূল্যায়নে গ্রহণযোগ্য (Responsive) হলে দরদাতার আর্থিক প্রস্তাব খোলা হবে এবং নিম্ন দরদাতার দর মূল্যায়ন কমিটি কর্তৃক বিবেচিত ও Head of the Procuring Entity (HOPE) কর্তৃক অনুমোদনের পর চূড়ান্ত বলে গণ্য হবে।

(খ) প্রতি গুদামের জন্য সর্বনিম্ন দরে একজন করে ঠিকাদার নির্বাচন করা হবে। আবার সর্বনিম্ন দরদাতাদের মধ্যে সমতা সৃষ্টি হলে পিপিআর ২০০৮ অনুযায়ী সর্বনিম্ন দরদাতাদের কার্যসম্পাদনের অতীত অভিজ্ঞতার ভিত্তিতে ঠিকাদার নির্বাচন করা হবে।

(খ) প্রতি লটের জন্য সর্বনিম্ন দরে ১ জন করে ঠিকাদার নির্বাচন করার পর কোন নির্বাচিত দরদাতা চুক্তি সম্পাদন না করলে কিংবা দরপত্রে কোন ভুল তথ্য প্রদান করেছেন এরূপ তথ্য উদঘাটিত হলে পিপিআর-২০০৮ মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

(ঘ) প্রাপ্ত সর্বনিম্ন দরে ঠিকাদারী কাজের বিল প্রচলিত নিয়মে পরিশোধ হবে।

২২) কার্য সম্পাদন জামানত (পারফরমেন্স সিকিউরিটি)

কৃতকার্য/নির্বাচিত দরদাতা কার্য সম্পাদন জামানত (পারফরমেন্স সিকিউরিটি) বাবদ দরদাতা কর্তৃক প্রদত্ত/উদ্ধৃত সর্বমোট মূল্যের ৫% (শতকরা পাঁচ) হারে হিসাবকৃত টাকার পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট জেলা খাদ্য নিয়ন্ত্রক, সুনামগঞ্জ এর অনুকূলে জমা দিতে হবে। তবে পরবর্তীতে উক্ত হার পরিবর্তন হলে বা জামানত যেভাবে নির্ধারিত হবে সেই অনুযায়ী জামানত প্রদান/ সমন্বয় করতে হবে।

২৩) চুক্তি সম্পাদনঃ

(ক) সর্বনিম্ন দরদাতাকে সংশ্লিষ্ট খাদ্য গুদামের জন্য শ্রম ও হস্তার্পন ঠিকাদার হিসেবে নির্বাচিত করা হবে।

(খ) দরপত্রে প্রাপ্ত সর্বনিম্ন/ সাব্যস্ত দরদাতার দর বৈধ বিবেচিত হলে ও যথাযথ কর্তৃপক্ষ (HOPE) কর্তৃক অনুমোদিত হলে Letter of intent প্রদান করা হবে এবং Letter of intent প্রাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে লিখিত সম্মতি প্রদান পূর্বক ২৮(আটাশ) দিনের মধ্যে চুক্তি সম্পাদন করতে হবে।

২৪) চুক্তি সংশোধনঃ

(ক) চুক্তিপত্রের মডেলের ১(এক) টি কপি যোগ্যতা বিষয়ক প্রস্তাব ও আর্থিক প্রস্তাব ফরমের সাথে সংযুক্ত থাকিবে। চুক্তিপত্রের মডেলে লিখিত সকল শর্তে কাজ করতে সম্মত আছেন এ নিশ্চয়তা হিসাবে দরদাতা চুক্তিপত্রের মডেলের প্রতি পৃষ্ঠায় সীলসহ স্বাক্ষর করবেন। উভয় পক্ষের সম্মতি ও সরকারের অনুমোদন সাপেক্ষে এ চুক্তি/ এ চুক্তির যে কোন শর্ত/ শর্তাদি সংশোধন/ পরিবর্তন/ পরিবর্ধন করতঃ চুক্তি স্বাক্ষরিত হতে পারে।

(খ) সরকার কর্তৃক সময়ে সময়ে খাদ্যদ্রব্য অথবা যে কোন পণ্য হ্যান্ডলিং সংক্রান্ত বা এতদসংক্রান্ত যে কোন বিষয়ে জারীকৃত বিজ্ঞপ্তি/ স্মারক/ আদেশ/ পরিপত্রসহ কার্য-তফসীল, শর্তাবলী ও নিয়মাবলী চুক্তিপত্রের অংশ হিসাবে পরিগণিত হবে।

২৫) ঠিকাদারের জন্য বাধ্যবাধকতাঃ

(ক) দরপত্র বিজ্ঞপ্তি (সংক্ষিপ্ত ও বিস্তারিত), কার্য-তফসীল এবং এ সংক্রান্ত দলিল ইত্যাদি এই চুক্তির আওতাভুক্ত বলে বিবেচিত হবে।

(খ) চুক্তিবদ্ধ ঠিকাদার গুদামে তার নিয়োজিত শ্রমিকদের ১ (এক) কপি পাসপোর্ট ছবি সহ নাম, পিতার নাম এবং বর্তমান ও স্থায়ী ঠিকানা সম্বলিত তালিকা জেলা খাদ্য নিয়ন্ত্রক, সুনামগঞ্জ ও সংশ্লিষ্ট খাদ্য গুদামের ভারপ্রাপ্ত কর্মকর্তার কর্যালয়ে দাখিল করবেন এবং নিয়োজিত শ্রমিকগনকে পরিচয় পত্র প্রদান করবেন। ব্যাজ ও পরিচয়পত্র ব্যতীত কোন শ্রমিককে গুদাম চত্বরে প্রবেশ করতে দেয়া হবে না। ঠিকাদার সরকারী প্রয়োজনে পর্যাপ্ত শ্রমিক সরবরাহে বাধ্য থাকবেন।

(গ) নিয়োগপ্রাপ্ত ঠিকাদারগণকে দাপ্তরিক যোগাযোগের সুবিধার্থে সুনামগঞ্জ শহরে একটি লিয়াজো অফিস খুলতে হবে। উক্ত অফিসের পূর্ণ নাম, ঠিকানা, টেলিফোন/ মোবাইল নম্বর (যদি থাকে) জেলা খাদ্য নিয়ন্ত্রক, সুনামগঞ্জ দপ্তরে দাখিল করতে হবে।

(ঘ) কোন দরদাতা চুক্তি সম্পাদনের পর কাজ চালাতে ব্যর্থ হলে এবং চুক্তিপত্রের শর্ত ভঙ্গ করলে তার জামানতের টাকা বাজেয়াপ্ত করা হবে এবং তার ব্যর্থতার দরুন ঠিকাদারী বাতিল সহ সরকারের ক্ষয়-ক্ষতি হলে তার নিকট হতে ক্ষতিপূরণ আদায় করা হবে।

(ঙ) কার্য তফসীলের সাথে সংযুক্ত অঙ্গীকারনামায় বর্ণিত অঙ্গীকার সমূহের জন্য দরদাতাকে তার নিজস্ব প্রতিষ্ঠানের লেটার হেড প্যাডে একখানা অঙ্গীকার প্রদান করতে হবে। দরদাতা কর্তৃক উক্ত অঙ্গীকার ভবিষ্যতে মিথ্যা বা অসত্য প্রমানিত বা পরিগণিত হলে দরদাতাকে উক্ত ঠিকাদারী কার্যক্রম বা চুক্তি বাস্তবায়নের পরবর্তী কার্যক্রম থেকে বাদ দেওয়া হবে বা ঠিকাদারী কার্যক্রমে অংশগ্রহণের জন্য অনির্দিষ্ট কাল এবং নির্দিষ্ট কোন মেয়াদ পর্যন্ত অযোগ্য ঘোষনা করা হবে।

(চ) হ্যান্ডলিং সংক্রান্ত সকল তথ্যাদি নথিভুক্ত রাখতে হবে, যাতে কর্তৃপক্ষের চাহিদামত প্রদর্শন/ দাখিল করতে হবে।

২৬) গোপনীয় প্রতিবেদনঃ

নির্বাচিত ঠিকাদারদের ক্ষেত্রে পুলিশি ও খাদ্য বিভাগীয় হালনাগাদ সন্তোষজনক গোপনীয় প্রতিবেদন প্রাপ্তির পর চুক্তি সম্পাদন করা হবে। তবে জরুরী প্রয়োজনে পুলিশি ও খাদ্য বিভাগীয় হালনাগাদ সন্তোষজনক প্রতিবেদন প্রাপ্তি ব্যতিত চুক্তি সম্পাদন করা যেতে পারে। পরবর্তীতে গোপনীয় প্রতিবেদন সন্তোষজনক পাওয়া না গেলে সম্পাদিত চুক্তিপত্র বাতিল বলে গণ্য হবে।

২৭) ক্ষমতা সংরক্ষণঃ

কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল অথবা সমুদয় দরপত্র বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে। অবাস্তব সর্বনিম্ন দর গ্রহণে কর্তৃপক্ষ বাধ্য নহে। কোন দরপত্রদাতা যদি বর্তমান বাজার দর/দাপ্তরিক প্রাক্কলিত মূল্য হতে উল্লেখযোগ্যভাবে কম মূল্য উদ্ধৃত করে দরপত্র দাখিল করেন তাহলে পিপিআর-২০০৮ এর অনুচ্ছেদ ৯৮(২৩) মোতাবেক উক্ত দরপত্র বাতিল/তদানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। কর্তৃপক্ষের গৃহীত সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২৭। অভিযোগ ও আপিলঃ

দরপত্র সম্পর্কিত অভিযোগ ও আপিল নিষ্পত্তির ক্ষেত্রে পিপিআর-২০০৮ মোতাবেক যথাযথ কর্তৃপক্ষ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

এ দরপত্র পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬, পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ ও এর তৎপরবর্তী সংশোধনী অনুযায়ী পরিচালিত হবে এবং কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ নোটিশ বাতিল বা পরিবর্তন এবং যেকোন বা সকল দরপত্র গ্রহণ/ প্রত্যাখ্যান/ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

স্বাক্ষরিত-
(মোঃ জাকারিয়া মুস্তফা)
জেলা খাদ্য নিয়ন্ত্রক
সুনামগঞ্জ
ও সভাপতি
জেলা দরপত্র মূল্যায়ন কমিটি (খাদ্য), সুনামগঞ্জ
ফোন- ০৮৭১-৬১৫৯০
Email: dcf.snj@dgfood.gov.bd

স্মারক নং- ১৩.০১.৯০০০.০০৬.৪৯.০০৫.১৯.-২৩২৪(১২৬) তারিখঃ ০৩/০৮/২০২০ খ্রিঃ।

অনুলিপিঃ সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

১. মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
২. পরিচালক, (সকল) . . . . . . . . . . . . . . . . . বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৩. জেলা প্রশাসক, সুনামগঞ্জ। বহুল প্রচারের জন্য।
৪. আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, সিলেট/চট্টগ্রাম/ঢাকা/রাজশাহী/খুলনা/রংপুর/বরিশাল। বহুল প্রচারের জন্য।
৫. সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। **বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**
৬. পুলিশ সুপার, সুনামগঞ্জ। বহুল প্রচারের জন্য।
৭. সাইলো অধীক্ষক, চট্টগ্রাম/নারায়নগঞ্জ/আশুগঞ্জ/সান্তাহার/খুলনা সাইলো। বহুল প্রচারের জন্য।
৮. অতিরিক্ত পরিচালক, এম.আই.এস এন্ড এম বিভাগ/ অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা। বহুল প্রচারের জন্য।
৯. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, খাদ্য ভবন, ঢাকা। বহুল প্রচারের জন্য।
১০. উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সুনামগঞ্জ। বহুল প্রচারের জন্য।
১১. নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, সুনামগঞ্জ। বহুল প্রচারের জন্য।
১২. চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম/ খুলনা। বহুল প্রচারের জন্য।
১৩. জেলা খাদ্য নিয়ন্ত্রক, (সকল) . . . . . . . . . . . . . . . . . . . .। বহুল প্রচারের জন্য।
১৪. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, সুনামগঞ্জ। বহুল প্রচারের জন্য।
১৫. ম্যানেজার . . . . . . . . . . . . . . . . . . . সিএসডি (সকল)। বহুল প্রচারের জন্য।
১৬. উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, (সকল) . . . . . . . . . . . . . . . . . . , সুনামগঞ্জ। বহুল প্রচারের জন্য।
১৭. ভারপ্রাপ্ত কর্মকর্তা, (সকল) . . . . . . . . . . . . . . . . . . . . এলএসডি, সুনামগঞ্জ। বহুল প্রচারের জন্য।
১৮. প্রশাসন/হিসাব/নিরীক্ষা/মজুদ/সংগ্রহ/নেজারত শাখা, অত্র দপ্তর।
১৯. মেসার্স ..........................................................., অভ্যন্তরীণ সড়ক/নৌ পরিবহন ঠিকাদার, সুনামগঞ্জ।
২০. মেসার্স ..........................................................., শ্রম ও হস্তার্পন ঠিকাদার, ............................ এলএসডি, সুনামগঞ্জ।
২১. নোটিশ বোর্ড, অত্র দপ্তর।
২২. অফিস কপি।

০৩/০৮/২০২০

(মোঃ জাকারিয়া মুস্তফা)
জেলা খাদ্য নিয়ন্ত্রক
সুনামগঞ্জ
ফোন- ০৮৭১-৬১৫৯০
Email: dcf.snj@dgfood.gov.bd

০৩/৮/২০২০

D:\Account Section\Tender\Contractor\Tender_2020-2022\দরপত্র দলিল_শ্রম ও হস্তার্পন.doc